



ঢাকা সেনানিবাসের এমইএস ভবনকে সাময়িক কারাগার ঘোষণা



সংগৃহীত ছবি

স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা সেনানিবাসের এমইএস ভবন নং-৫৪কে সাময়িক কারাগার হিসেবে ঘোষণা করেছে। রাষ্ট্রপতির আদেশক্রমে জারি করা এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে বলে জানানো হয়েছে।

ঢাকা সেনানিবাসের এমইএস ভবন নং-৫৪কে সাময়িক কারাগার হিসেবে ঘোষণা করেছে সরকার। রোববার (১২ অক্টোবর) এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা-১ শাখা। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে স্বাক্ষর করেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের উপসচিব মো. হাফিজ আল আসাদ।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, বাংলাদেশ ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ধারা ৫৪১(১) অনুযায়ী এবং The Prisons Act, 1894 (IX of 1894)-এর ধারা ৩(বি) অনুসারে, ঢাকা সেনানিবাসের বাশার রোডের উত্তর পাশে অবস্থিত এমইএস ভবন নং-৫৪কে সাময়িকভাবে কারাগার ঘোষণা করা হয়েছে।

এতে আরও উল্লেখ করা হয়েছে, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হয়েছে এবং এটি অবিলম্বে কার্যকর হবে।